

সারাদেশ

প্রধানমন্ত্রীর হাত থেকে জাতীয় ংগনী শিক্ষক পুরস্কার পেলেন ব্রাহ্মণবাড়ীয়ার আহসান শাহরিয়ার



প্রতিবেদক: ব্রাহ্মণবাড়ীয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৬ অক্টোবর ২০২৬, ০১:৪১ PM



জাতীয় পর্যায়ে ংগনী শিক্ষক হিসেবে সম্মাননা পেয়েছেন ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজের প্রাণীবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক আহসান শাহরিয়ার তোহফা। প্রধানমন্ত্রীর হাত থেকে তিনি এ সম্মাননা গ্রহণ করেন।

জাতীয় পর্যায়ে এই স্বীকৃতি পাওয়ার পর মহান আল্লাহর প্রতি শুকরিয়া জ্ঞাপন করেছেন আহসান শাহরিয়ার। একই সঙ্গে তিনি সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন।

প্রতিক্রিয়ায় আহসান শাহরিয়ার তোহফা বলেন, ংআলহামদুলিল্লাহ। মহান আল্লাহর প্রতি লাখো কোটি শুকরিয়া। আমি আজ জাতীয় পর্যায়ে ংগনী শিক্ষক হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর হাত থেকে সম্মাননা গ্রহণ করলাম।

এ সময় তিনি প্রধানমন্ত্রী, প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা মাহাদী আমিন, শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক কার্যালয়ের পরিচালক এবং ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

আহসান শাহরিয়ার তোহফা বর্তমানে ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের প্রাণীবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করছেন।

শিক্ষকতা ও শিক্ষা ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসেবে জাতীয় পর্যায়ে তিনি এই সম্মাননা পেয়েছেন। এ অর্জনের জন্য তিনি সবার কাছে দোয়া চেয়েছেন।

এ বিভাগের আরও খবর



টেন্ডারবাজি-চাঁদাবাজির মাধ্যমে মানুষকে শোষণ করছে সরকার: শিবির সেক্রেটারি ইসলামী ছাত্রশিবিরের সেক্রেটারি জেনারেল সিবগাতুল্লাহ সিবগা অভিযোগ করে বলেছেন, নতুন সরকার জনগণের অধিকার খর্ব করছে। টেন্ডারবাজি ও চাঁদাবাজির মা...



মাদারীপুরে ৫০ পিস ইয়াবাসহ তরুণী গ্রেপ্তার
মাদারীপুর শহরের কলেজ রোড এলাকায় অভিযান চালিয়ে ৫০ পিস ইয়াবাসহ নারীসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (৬ অক্টো...



ঝালকাঠিতে গভীর রাতে ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন
ঝালকাঠি শহরে গভীর রাতে চিকিৎসাসেবা নিশ্চিত করতে ওষুধের ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বুধবার ৭ অক...



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাপাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

<https://dhakaprobe.com/saradesh/prdhanmntir-hat-theke-jatiy-guni-shikshk-purskar-pelen-brahmnbariyar-ahsan-shahriyar>